

ছুটি চাইনা : ক্লাস চাই : রাজশাহী ভাসিটিতে ছাত্র মিছিল

রাজশাহী অফিস : রাজশাহী বিশ্ব-
বিদ্যালয়ের কয়েক হাজার ছাত্রছাত্রী
সেশনজট কমানোর লক্ষ্যে আগামী ২০
এপ্রিল থেকে ঘোষিত গ্রীষ্মকালীন ছুটি
বাতিল করে শিক্ষা কার্যক্রম চালু
রাখার দাবীতে বুধবার ক্যাম্পাসে
একটি মিছিল বের করে।

মিছিল শেষে ৩ হাজার ৩২ জন
ছাত্রছাত্রী স্বাক্ষরিত একটি আবেদনপত্র
ডাইস চ্যান্সেলর প্রফেসর এম ইউসুফ
আলীর কাছে ছাত্রছাত্রীরা দেয়।
আবেদনপত্রে বলা হয়, বিগত কয়েক
বছর অনির্ধারিত বন্ধ, ক্যাম্পাসের
অস্থিতিশীল পরিবেশ ও জাতীয়
রাজনৈতিক পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয়ে
সেশনজট চরম আকার ধারণ করায়
আগামী ২০ এপ্রিল থেকে ৬ জুন পর্যন্ত
গ্রীষ্মকালীন অবকাশ বাতিলের আবেদন
করাছি।

আবেদনপত্র পেশের পর এক সমা-
বেশে ছাত্র নেতৃবৃন্দ বলেন, তাঁদের এই
আবেদন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ না
মানলে আগামী ১৩ এপ্রিল প্রশাসন
ভবনের সামনে ও ১৭ এপ্রিল সিনেট
ভবনের সামনে অবস্থান ধর্মঘট এবং
১৮ এপ্রিল থেকে প্রশাসন ভবনের
সামনে অবিরাম ধর্মঘটের কর্মসূচী দেয়া
হবে।